

## কালবৈশাখী ঝড়, বৃষ্টি ও তৎপরবর্তী ধানের পোকামাকড় দমনে করণীয়

বর্তমানে সারাদেশে ধান গাছ সর্বোচ্চ কুশি ও থোড় অবস্থায় রয়েছে। কালবৈশাখী ঝড়, বৃষ্টি ও পরবর্তী অবস্থায় তাপমাত্রা ও আর্দ্রতা বৃদ্ধির সাথে সাথে ধানে মাজরা পোকা, বাদামি গাছফড়িং, পাতামোড়ানো পোকা ও গান্ধি পোকাকার প্রাদুর্ভাব বাড়তে পারে। ধানের জমিতে নিয়মিত পরিদর্শনপূর্বক প্রয়োজন মারফিক নিম্নলিখিত ব্যবস্থাপনা গ্রহণ করা যেতে পারে।

**মাজরা পোকা:** মাজরা পোকাকার কীড়া ধান গাছের ক্ষতি করে থাকে।



চিত্র ১: কীড়া



চিত্র ২: পূর্ণবয়স্ক



চিত্র ৩: মরা ডিগ



চিত্র ৪: সাদা শীষ

এ পোকাকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

- মাজরা পোকাকার ডিমের গাদা সংগ্রহ করে নষ্ট করে ফেলুন।
- ক্ষেতে ডাল-পালা পুঁতে দিয়ে পোকা থেকে পাখির সাহায্যে পোকাকার সংখ্যা কমানো যায়।
- সন্ধ্যার সময় আলোক ফাঁদের সাহায্যে মথ আকৃষ্ট করে মেরে ফেলুন।
- ক্ষেতে মরা ডিগ শতকরা ১০-১৫ ভাগ অথবা মরা শীষ শতকরা ৫ ভাগ পাওয়া গেলে নিম্নলিখিত তালিকার যেকোন একটি অনুমোদিত কীটনাশক যেমন- মাইনেকটো এক্সট্রা ৪০এসসি, ভায়েগো ২০ এসসি, ভায়েগো সুপার্ব ১ জিআর, বেল্টএক্সপার্ট ৪৮এসপি, বাতির ৯৫এসপি, সানটাপ ৫০এসপি, ডার্সবান ২০ ইসি, মার্শাল ২০ ইসি, ভির্ভাকো ৪০ ডব্লিউজি সঠিক মাত্রায় প্রয়োগ করুন।

**বাদামি গাছফড়িং:** বাচ্চা ও পূর্ণবয়স্ক বাদামি গাছ ফড়িং উভয়ই ধান গাছের গোড়ায় বসে রস শুষে খায়।



চিত্র ১: বাদামি গাছফড়িং



চিত্র ২: ধানে বাদামি গাছফড়িং



চিত্র ৩: আক্রান্ত জমি

এ পোকাকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

- আলোক ফাঁদ ব্যবহার করুন
- জমিতে পোকা বাড়ার সম্ভাবনা দেখা দিলে জমে থাকা পানি সরিয়ে ফেলুন।
- উর্বর জমিতে ইউরিয়া সারের উপরি প্রয়োগ থেকে বিরত থাকুন।
- পোকাকার আক্রমণ অর্থনৈতিক ক্ষতির দ্বার প্রান্তে পৌঁছলে অর্থাৎ চারটি ডিমগুয়ালা পেট মোটা পূর্ণবয়স্ক স্ত্রী পোকা বা ১০ টি বাচ্চা গাছফড়িং বা উভয়ই দেখা গেলে নিম্নের যেকোন একটি অনুমোদিত কীটনাশক যেমন- বায়ো-চমক, রাস ৪৫ এসসি, নিমাজল ১.২ ইসি, প্লিনাম ৫০ ডব্লিউজি, একতারা ২৫ ডব্লিউজি, মিপসিন ৭৫ ডব্লিউপি, এডমায়ার ২০ এসএল, সানমেক্টিন ১.৮ ইসি, এসাটাফ ৭৫ এসপি, প্লাটিনাম ২০ এসপি, মার্শাল ২০ ইসি, সানটাপ ৫০ এসপি সঠিক মাত্রায় গাছের গোড়ায় প্রয়োগ করুন।

পাতামোড়ানো পোকা: ডিম থেকে ফোটার পর কীড়াগুলো মুখের লালা দিয়ে পাতাকে লম্বালম্বিভাবে মুড়িয়ে নলাকার করে ফেলে এবং মোড়ানো পাতার মধ্যে থেকে পাতার সবুজ অংশ কুরে কুরে খেয়ে ফেলে।



চিত্র ১: পোকাকার কীড়া



চিত্র ২: পাতামোড়ানো পোকা



চিত্র ৩: ক্ষতির নমুনা

এই পোকাকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

- আলোক ফাঁদ ব্যবহার করুন।
- জমিতে পার্চিং করুন।
- ইউরিয়া সারের অতিরিক্ত ব্যবহার পরিহার করুন।
- জমিতে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলে নিম্নের যেকোন একটি অনুমোদিত কীটনাশক যেমন- সাকসেস ২.৫ এসসি, এনট্রাস্ট ৪৫ এসসি, সেভিন ৮৫ ডব্লিউপি, ডার্সবান ২০ ইসি, মিপসিন ৭৫ ডব্লিউপি সঠিক মাত্রায় প্রয়োগ করুন।

গান্ধি পোকা: গান্ধি পোকা ধানের দানা আক্রমণ করে। বাচ্চা ও পূর্ণবয়স্ক উভয়ই ধান গাছের দানা থেকে রস শুষে খায়। ধানের দানায় যখন দুধ সৃষ্টি হয় তখন ক্ষতি করলে ধান চিটা হয়ে যায়।



চিত্র ১: পূর্ণবয়স্ক গান্ধি পোকা



চিত্র ২: আক্রান্ত ধান

এ পোকাকার হাত থেকে ধান ফসল রক্ষার জন্য-

- আলোক ফাঁদ ব্যবহার করুন।
- গড়ে প্রতি ২-৩টি গোছায় একটি গান্ধি পোকা দেখা গেলে নিম্নের যেকোন একটি অনুমোদিত কীটনাশক যেমন-ডার্সবান ২০ ইসি, মিপসিন ৭৫ ডব্লিউপি, সেভিন ৮৫ ডব্লিউপি, ফাইফানন ৫৭ ইসি সঠিক মাত্রায় প্রয়োগ করুন।
- কীটনাশক বিকেল বেলায় প্রয়োগ করতে হবে এবং বৃষ্টির সময় কীটনাশক প্রয়োগে বিরত থাকুন।



## কীটতত্ত্ব বিভাগ

### বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

মোবাইল নম্বর: ০১৭১৫০১১৩৫১, ০১৭৩১৩৮৬১১৩, ০১৭১২২১৫৪৮৯, ই-মেইল: [shamiulent@gmail.com](mailto:shamiulent@gmail.com)